# রাগ ঃ ভৈরব (ভৈঁরো)

[মুদ্রিত ঃ স্বরলিপি; শারদীয় সংখ্যা (অনিয়মিত/ঋতুভিত্তিক সাহিত্য সাময়িকী ঃ স্কুল অব মিউজিক)]

ভৈরব ঠাটের প্রথম রাগ ভৈরব। এতে রেখাব ও ধৈবত কোমল, শুদ্ধ মধ্যম এবং বাকি স্বরগুলি শুদ্ধ। জাতি = সম্পূর্ণ + সম্পূর্ণ, তবে আরোহণে রেখাব স্বরটিকে দুর্বল বা অল্পত্ব করে গাওয়া হয়। অবরোহণে কুশল গায়কগণ কোমল নিষাদ বিবাদী স্বর হিসেবে ব্যবহার করেন। বিবাদী স্বর প্রয়োগের কুশলতার জন্য রাগটির সৌন্দর্য্য অনেক গুনে বৃদ্ধি পায়। রাগটির প্রকৃতি গম্ভীর এবং এর সৌন্দর্য্য আন্দোলিত ধৈবত ও রেখাবের উপর নির্ভরশীল। মধ্যম ও রেখাবের মীড় অত্যন্ত মধুর ও প্রিতীদায়ক। সময় ঃ- প্রাতঃকাল, আরোহণ = সা ঋা গা মা পা দা না র্সা; অবরোহন ঃ- র্সা না দা পা মা গা ঋা সা। আবার অনেকে রেখাব স্বরকে দূর্বল করে ন্া সা গা মা পা দা না র্সা আরোহণ করেন। রাগটির পকড় সা, গা, মাপা, দা পা। পকড় এর অর্থ হলো পাকড়াও করা, খুব অল্প কথায় অর্থাৎ সারগাম প্রয়োগে রাগটির বিশেষ আমেজ নিয়ে আসা।

এ রাগটির প্রাচীনত্ব নিয়ে সংগীত পন্ডিতদের ভেতর মত পার্থক্য দেখা যায়। সত্তর শতাব্দীর পন্ডিত দামোদর তাঁর সংগীত দর্শন গ্রন্থে ভৈরবকে আদি রাগ এবং শ্রেষ্ঠ রাগ বলে উল্লেখ করেছেন। কিন্তু দর্পনের আগে সংগীত সাহিত্যে ভৈরবের কোন উল্লেখ নেই, আবার এগার ও তের শতাব্দিতে ‘আর্য্য মার্গ সংগীত’ গ্রন্থে এর উল্লেখ আছে। মতঙ্গের ‘বৃহদ্দেশী’ ও জৈন সংগীতজ্ঞ পার্শদেবের ‘সংগীত সময়সার’ গ্রন্থে এর উল্লেখ আছে।

আর একদল পন্ডিত বলেন, অনার্যদের সংগীতের কলা কৌশল, তাদের রাগ, স্বর, তান আর্যরা আত্মসাৎ করে তাদের সংগীতকে সমৃদ্ধ করেন, সেই অনার্যদের ভেতর, হিমালয়ের উপত্যকায় এক জাতি বাস করতো; তাদের নাম ছিল ‘ভীরার’। এই ভীরাররা নাকি গন্ধর্বদের মত সংগীত কলায় পারদর্শী ছিল, এবং তাদের রাষ্ট্রীয় গানের ভেতর ভৈরবী এবং ভৈরব প্রধান ছিল। আর্যরা ভীরার জাতির নিকট থেকে এই রাগটি সংগ্রহ করে।

কিন্তু যাইহোক, আজকে ভৈরব রাগটির যে রূপ আমরা পাই সেইটির উপর আলোচনাই আমাদের কাম্য। প্রচলিত ভৈরব রাগের ব্যাকরণ গত অংশটি আগেই বলা হয়েছে। এই রাগের সম প্রকৃতি আর একটি রাগ আছে নাম ‘কালেংড়া’; তবে কালেংড়াতে বাদী ও সমবাদী ভিন্ন এবং রেখাব ও ধৈবতে আন্দোলন নেই। সুতরাং ভৈরব রাগটিতে রেখাব ও ধৈবত আন্দোলিত অবশ্যই করতে হবে, নচেৎ রাগের প্রকৃতি ফুটবে না, অথবা অন্য রাগ ‘কালেংড়া’ হয়ে যাবার সম্ভাবনা থাকবে।

এর প্রকৃতি গম্ভীর হওয়ার জন্য প্রারম্ভে ছোট ছোট অলংকারের প্রয়োগ করা উচিৎ হবে না, উত্তরাংগ রাগ হওয়ার জন্য এর সৌন্দর্য্য অবরোহ বর্গে সুন্দর হয়। যেমন– মা গা ঋা সা, ঋা ঋা, সা, দ্া ন্াসা, পামাগঋা, সা, দপা, মাগঋা, গাপামাগাঋা, সা, ধৈবত স্বরের পর বেশ কিছুক্ষণ আবস্থান করে পঞ্চম সুরে আসলে বড় সুন্দর লাগে।

রাগটি সন্ধি প্রকাশ (রাত্রির অবশান ও দিনের শুরু এই ক্ষণটিকে সন্ধি প্রকাশ বলে) হওয়ার জন্যে এবং প্রকৃতি গম্ভীর হওয়ার জন্যে; এর ভেতর শান্ত, মধুর, ও করুন রসের হদিস মেলে।

রাগটির বিস্তার ঃ

১. সা ঋা ঋা সা দ্া সা ঋা সা গঋা মাগাঋা ঋা সা।।
২. সা ঋা সা ন্দ্াসা ন্দ্া প্া প্দ্া সা ঋা গঋা মাগাঋা পামাগাঋা ঋা সা
৩. ন্াসা ঋা সা ন্সদ্া সাদ্া ন্দ্া প্া ম্াপ্াদ্া ন্া সা ঋা গঋা মাগাঋা গামাপামাগাঋা গাঋাঋা সা।
৪. ন্াসাঋা সা ন্াসাদ্া সা গামাপামাগাঋা গামাদা পা মাপামাগাঋা গামাপামাগাঋা ঋা সা।।
৫. সাগা মাপা দা পা মাপা মাগাঋা গামপামাগাঋা ঋা সা গা মপা দা পা
৬. সাঋাসা সাঋাগাঋাসা সাঋাগামাঋাঋাসা সাঋাগামাপাগা মাঋাঋাসা সাঋাগামাপাদাপামাগা মাঋাঋাসা সাঋাগামাপাদানাদাপামাগা মাঋাঋা সা সাঋাগামাপাদানার্সা র্সানাদাপামাগাঋাসা
৭. ন্াসামাগাঋাসা ন্াসাগামাপাগা মাঋাঋাসা ন্াসাগামাপাগা মা দা নদা পা মপা মগা ঋসা ন্াসাগামাপাদানার্সা নাদাপামাগাঋাসা।
৮. ন্সা গমা পগা মা দা নর্সা র্সর্ঋার্সনদা র্সানদা নদা পা গামানদা পা মগা মাগা মঋা গামাপা মাগা মঋা সা গা মপা দা পা।
৯. সদপদমপমগঋগমপমগঋসা সঋসন্দ্া ন্সা গাঋাগপাঋাসা গা মপা দা পা।

১০. মপা দা নর্সা নর্সা সর্দা নর্সা ঋর্া র্সানা র্সা দা পা মাগা মপা দা ঋর্া র্সা নদা দপা মগা মঋা গমপা মগা মঋা ঋা সা গা মপা দা পা

১১. সদা দা নদা পা পদা নর্সা ঋর্ সা নর্সা দা পা গা মপা দা পা মগা ঋা গামপামাগা ঋাসা।

১২. পা পা দা নর্সা র্সা নর্সা দা নর্সা ঋর্া র্সা নার্সাদা পা র্মা র্গা র্মা ঋর্া র্সা ঋর্া র্সা নর্সা দা পা মগা মপা দা পা মগা ঋা গমপমগা ঋা গমপমগা ঋা া সা ঋগা মপা দা পা।।

## <u>ভৈরব (ঝাপতাল) (১০ মাত্রা)</u>

| + | | ২ | | | ০ | | ৩ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ১ | ২ | ৩ | ১ | ২ | ১ | ২ | ৩ |

**<u>স্থায়ী ঃ</u>**

| | + | | ২ | | | ০ | | ৩ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [প]ণা | দা | পা | মা | মগা | মা | [ণ]দা | দা | পা | া | দা |
| তু | অ | ব | য়া | ০০ | দ | ক | র | রে | ০ | ০ |
| | পা | মপা | মা | া | গা | [গ]মা | ঋা | গা | মা | পা |
| | বন্ | ০০ | দে | ০ | ০ | আ | প | নে | ০ | আ |
| | মা | গা | মা | ঋা | সা | [স]ন্‌া | সা | [ম]গা | মা | পা |
| | ল্লা | ০ | ০ | ০ | কো | জে | ০ | কু | ছ | ভ |
| | পা | া | [প]দা | া | র্সা | [ণ]দা | া | পা | া | [প]ণা |
| | লা | ০ | হো | ০ | বে | তে | ০ | রো | ০ | 'তু' |

**<u>অন্তরা ঃ</u>**

| + | | ২ | | | ০ | | ৩ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| পা | [ম]পা | [ন]দা | া | না | র্সা | র্সা | র্সা | া | র্সা |
| লা | ই | লা | ০ | হি | ই | ল্লি | ল্লা | ০ | মু |
| [স]দা | া | না | র্সা | র্সা | ঋর্া | র্সা | [ন]দা | া | পা |
| হম্ | ০ | ম | দ | র | সু | লি | ল্লা | ০ | ০ |
| পা | [গ]পা | মা | গা | মা | পা | [ম]পা | [ন]দা | া | [দ]র্সা |
| ন | বী | জী | ০ | কা | ক | ল | মা | ০ | জ |
| [স]দা | া | [ন]দা | া | র্সা | [ন]দা | দা | পা | া | দা |
| বান্ | ০ | প | ০ | র | ধ | র | রে | ০ | ০ |
| পা | মপা | মা | া | গা | কর রে (স্থায়ী অনুসরণ করে) | | | | |
| বন্ | ০০ | দে | ০ | ০ | | | | | |

<u>[ভাতখন্ডে লিখিত হিন্দুস্তানী ক্রমিক পুস্তক মালিকার ২০১ পৃষ্ঠা হইতে গানটি গৃহীত হইয়াছে। কিন্তু স্বরলিপিতে রাবীন্দ্রিক পদ্ধতি অনুসরণ করা হইয়াছে।]</u>

**---সমাপ্ত---**